

যার যার প্রাদুর্ভাব জানাইল তাই।
সবে কহে 'যম? অধিকার যায় নাই।।
সে সব লিখিতে গেলে পুঁথি বেড়ে যায়।
সংক্ষেপে লিখিব কিছু শাস্ত্রে যাহা কয়।।
কাম বলে 'মহারাজ চিন্তা কি তোমার?
আমি ভরি' দিব তব দক্ষিণের দ্বার'।।
'কা চিন্তা ভো মৃত্যুপতে।

অহং প্রকৃতি ভবান।

শোষিতং শোষিতং প্রেমং

চৈতন্যং কিং করিষ্যতি।।”

শোষিব শোষিব প্রেম প্রকৃতি হইয়া।
কি করিতে পারে একা চৈতন্য আসিয়া।।
বলে কলি 'শুন বলি ধর্ম নৃপমণি।
আমি দিব গৌরঙ্গের সব ভক্ত আনি।।
ধরিব বৈরাগীবেশ মুখে রেখে দাড়ি।
ভেকধারী সাধু হয়ে ফিরিব বাড়ী বাড়ী।।
চৈতন্যের তত্ত্ব যাতে কেহ নাহি মানে।
শিখাইব এই তত্ত্ব সুযুক্তি বিধানে'।।
যম কলি প্রভাব এ গ্রন্থ বিরচিত।
শ্রীজীব গোস্বামী কৃত সে গ্রন্থ লিখিত।।
নানা মত করি কলি জীব ভুলাইল।
শাস্ত্র ছাড়া মত কত কলি দেখাইল।।
মাতা-পিতা না মানে, না মানে গুরুজন।
নারী বাধ্য, পিতা করে পুত্রে বিসর্জন।।
আর দেখ গৌরঙ্গের মত যত ছিল।
তাহার মধ্যেতে কলি কত মত দিল।।
গৌরঙ্গের মত প্রায় লোপ হয়ে যায়।
নরোত্তম শ্রীনিবাস এসে এ সময়।।
দুই প্রভু শেষ লীলা করিল উজ্জ্বল।
মধুর-মাধুর্যা-প্রেম প্রকাশি সকল।।
আবার হইল লোপ কলির মায়ায়।
গোস্বামীর ধর্ম বলি বিপথ লওয়ায়।।

প্রকৃতি হইয়া প্রেম করিল শোষণ।
চমকিত হইল যত সাধকের গণ।।
বীরভদ্র প্রিয় শিষ্য চারিজন ছিল।
প্রতিজ্ঞা করিয়া তারা কহিতে লাগিল।।
'যথাকার বিন্দু মোরা তথায় পাঠাব।
প্রকৃতির স্থানে বিন্দু কিছু না রাখিব'।।
বনচারী অখিলচাঁদ সেবা কমলিনী।
হ-রি-গু-রু এই চারি সম্প্রদায় জানি।।
পূর্ব পূর্ব মহাজন যে ধর্ম যাচিল।
বীরভদ্র সেই ধর্ম শিষ্যে জানাইল।।
প্রকৃতি আশ্রয় করি সিদ্ধি প্রাপ্ত হ'ল।
সে কারণে চারিজন প্রতিজ্ঞা করিল।।
আধুনিক সেই ধর্ম গুনিয়া শ্রবণে।
প্রকৃতি আশ্রয় লোভে শিক্ষাগুরু জানে।।
গৃহধর্ম ত্যাগ করি পচা-গৃহী হয়।
করয় প্রকৃতিসঙ্গ ধর্ম নাহি রয়।।
বুঝিতে না পারে ধর্ম করে নারীসঙ্গ।
হাতে তালি দেয় কলি দেখিয়া সে রঙ্গ।।
বিধবা হইলে কোন যুবতী রমণী।
গর্ভবতী হলে তারে ভেক দেয় আনি।।
পচাগৃহী শিষ্য করি রাখে যে তাহারে।
সেই গর্ভে পুত্র হলে সেবাইত করে।।
জাতিতে বৈরাগী তার হয় পরিচয়।
করতালি দেয় কলি দেখিয়া তাহার।।
শ্রীগৌরঙ্গ প্রভু যবে প্রেম প্রচারিল।
সভক্তি দুর্লভ প্রেম জীবে শিক্ষা দিল।।
চরিং চিরাৎ যেই প্রেম ছিল অনর্পিত।
বিরিঞ্চি বাঞ্ছিত প্রেম নামের সহিত।।
বিলাইল সেই প্রেম নামরসে মাখা।
তাহা দেখি চিত্রগুপ্ত ছেড়ে দিল লেখা।।
যমরাজা ছাড়ে ধর্মাধর্মের বিচার।
অবসর হ'য়ে কহে গেছে অধিকার।।